

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা ভূমি অফিস  
সদর, কক্সবাজার  
[acl.sadar.coxsbazar.gov.bd](mailto:acl.sadar.coxsbazar.gov.bd)


স্মারক নং- ৩১.৪২.২২২৪.০০০.৯৯.০০১.২২- ৯৫৫

তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০২২

**“গণবিজ্ঞপ্তি” (২য় বার)**

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিগত ১৫ সেপ্টেম্বর, ২০১৯ খ্রিস্টাব্দ তারিখ আনুমানিক রাত ১১.২০ ঘটিকার সময় শীর্ষ সন্ত্রাসী ও ছিনতাইকারী একাধিক মামলার আসামী মোঃ আব্দুল্লাহ আল রিফাত (২২), পিতা- মৃত আব্দুল মালেক, সাং- দক্ষিণ বাহারছড়া, সদর, কক্সবাজারকে পুলিশ কর্তৃক দক্ষিণ বাহারছড়া এলাকা হতে গ্রেফতার করা হয়। উক্ত আসামীকে গ্রেফতারের পর পুলিশ কর্তৃক ব্যাপক জিজ্ঞাসাবাদের একপর্যায়ে সে কক্সবাজার সদর উপজেলাধীন ঝিলংজা ইউনিয়নের উত্তরণ আবাসিক প্রকল্প সংলগ্ন কাটা পাহাড়ের ভিতর গহীন জঙ্গলে (প্রধান সড়ক হতে আনুমানিক ৬/৭ গজ উত্তর দিকে চলাচলের রাস্তায়) তার লুকায়িত অস্ত্র ও তার দলের কয়েকজন সদস্য আছে বলে জানানো হলে তাদের গ্রেফতারের উদ্দেশ্যে উল্লিখিত আসামীকে নিয়ে অভিযান পরিচালনা করা হয়। আসামী মোঃ আব্দুল্লাহ আল রিফাত (২২) এর দলের অবৈধ অস্ত্রধারী সন্ত্রাসীরা পুলিশের উপস্থিতি টের পেয়ে রাত আনুমানিক ৩.২৫ ঘটিকার সময় পুলিশকে লক্ষ্য করে এলোপাতাড়ি গুলি বর্ষণ করে। এতে পুলিশ সদস্যরা নিজেদের যানমাল, সরকারি অস্ত্র ও উক্ত আসামীর জীবন রক্ষার্থে এসআই প্রদীপ চন্দ্র দে এর নির্দেশে কং ১০৩৭ হাসান উদ্দিন এর নামে ইস্যুকৃত শর্টগান হতে ০৭ (সাত) রাউন্ড রাবার কার্তুজ, কং/৫৩১ অসিম বড়ুয়া এর নামে ইস্যুকৃত শর্টগান হতে ০৫(পাঁচ) রাউন্ড ফাঁকা গুলি বর্ষণ করে। উক্ত ফাঁকা গুলি বর্ষণের বিষয়ে নির্বাহী তদন্ত আগামী ১৮ সেপ্টেম্বর, ২০২২ খ্রিস্টাব্দ তারিখ সকাল ১১.০০ টার সময় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অনুষ্ঠিত হবে।

গুলি বর্ষণের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারী এবং প্রত্যক্ষদর্শীসহ সংশ্লিষ্ট সকলকে নির্বাহী তদন্তানুষ্ঠানে নির্ধারিত সময় ও তারিখে উপস্থিত হয়ে সাক্ষ্য/জবানবন্দী প্রদানের জন্য অনুরোধ করা হলো।




মোঃ জিলুর রহমান  
সহকারী কমিশনার (ভূমি)  
সদর, কক্সবাজার  
মোবাইল নং- ০১৭৩৩৩৭৩২০২  
E-mail : [sadaracland@gmail.com](mailto:sadaracland@gmail.com)

স্মারক নং- ৩১.৪২.২২২৪.০০০.৯৯.০০১.২২- ৯৫৫

তারিখঃ ০৫ সেপ্টেম্বর, ২০২২

অনুলিপি : সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো

- ০১। জেলা প্রশাসক, কক্সবাজার
- ০২। পুলিশ সুপার, কক্সবাজার
- ০৩। অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, কক্সবাজার
- ০৪। উপজেলা নির্বাহী অফিসার, সদর, কক্সবাজার
- ০৫। মেয়র, কক্সবাজার পৌরসভা (বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের অনুরোধসহ)
- ০৬। অফিসার ইনচার্জ, সদর মডেল থানা, কক্সবাজার (গুলি বর্ষণে সংশ্লিষ্টদের নির্বাহী তদন্ত অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৭। চেয়ারম্যান, ঝিলংজা ইউনিয়ন পরিষদ, কক্সবাজার সদর (গুলি বর্ষণে সংশ্লিষ্টদের নির্বাহী তদন্ত অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৮। ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সদর, কক্সবাজার (গুলি বর্ষণে সংশ্লিষ্টদের নির্বাহী তদন্ত অনুষ্ঠানে উপস্থিতি নিশ্চিত করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
- ০৯। সহকারী প্রোগ্রামার, কক্সবাজার সদর (বিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে আপলোডকরণের জন্য)
- ১০। অফিস কপি।



সহকারী কমিশনার (ভূমি)  
সদর, কক্সবাজার